

Prime Minister's meeting with Chancellor of the Federal Republic of Germany on the sidelines of G-20 Summit in Bali

November 16, 2022

বালিতে জি-২০ শিখর সম্মেলনের পাশাপাশি, জার্মানীর চ্যান্সেলরের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

নভেম্বর 16, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বালিতে জি-২০ শিখর সম্মেলনের ফাঁকে জার্মানীর চ্যান্সেলর শ্রী ওলফ শ্কেলজের সঙ্গে সাক্ষাৎ করেন।

চলতি বছরে এই নিয়ে তৃতীয়বার দুই নেতার মধ্যে সাক্ষাৎ হ'ল। এর আগে ষষ্ঠ ভারত – জার্মানী আন্তঃসরকার আলোচনার জন্য ২ মে প্রধানমন্ত্রীর বার্লিন সফরের সময় তাঁদের মধ্যে সাক্ষাৎ হয়েছিল। চ্যান্সেলর শ্কেলজের আমন্ত্রণে জি-সেভেন শিখর সম্মেলনে যোগ দেওয়ার সময় তাঁদের মধ্যে প্রথম দেখা হয়।

ভারত ও জার্মানীর মধ্যে বিস্তৃত দ্বিপাক্ষিক সহযোগিতার নানা দিক নিয়ে উভয় নেতা আলোচনা করেন। এর মধ্যে সবুজ ও সুস্থায়ী উন্নয়নের জন্য এক নতুন পর্যায়ে প্রবেশের লক্ষ্যে চুক্তি স্বাক্ষরও রয়েছে। তাঁরা বাণিজ্য ও বিনিয়োগ সংক্রান্ত সহযোগিতা আরও নিবিড় করা এবং প্রতিরক্ষা নিরাপত্তা, পরিকাঠামো সহ নানা বিষয়ে সহযোগিতা আরও বাড়াতে সম্মত হয়েছেন।

উভয় নেতা জি-২০ এবং রাষ্ট্রসংঘ সহ বহুপাক্ষিক মঞ্চে সহযোগিতা ও সমন্বয় বাড়াতেও সম্মত হন।

বালি

নভেম্বর 16, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.